# LANDMARK JUDGMENTS OF APEX COURT ON JUVENILE JUSTICE (CARE & PROTECTION OF CHILDREN) ACT , 2000

1. **Bharat Bhusan Vs State of Himachal Pradesh**
   **2013(2) Crimes 318(SC)**
   **Date of judgement: 26.4.2013.**
   **Present: Justice T.S.Thakur & Dipak Misra.**

**Sec 2(k); 2(l), 7A, 20 of the Act: & Rules 12 & 98**
**Date of the incident ,and not the date on which cognizance is taken by the Magistrate , is relevant for determination of juvenility.**

**During the pendency of an appeal before the High Court under the Act of 1986 , Act of 2000 came into being--Provisions of the Act 2000 shall apply in view of Sec 20 of the Act 2000--High Court may convict appellant but he should be referred to JJB for further action.**

2. **Jarnail Singh Vs State of Haryana (2013) 7 SCC 263**
   **Date of judgement: 01.07.2013**
   **Present: Justice P. Sathasivam; & Jagadish Singh Khehar**

   **Rule 12 of J.J. Rules, 2007**

**Even though Rule 12 is strictly applicable only to determine the age of a child in conflict with law , the aforesaid statutory provision should be the basis for determining age, even of a child who is a victim of crime --There is hardly any difference insofar as the issue of minority is concerned, between a child in conflict with law, and a child who is a victim of crime --Therefore , it would be just and appropriate to apply Rule 12 of the 2007 Rules , to determine the age of the prosecutrix as well.**

3. Ranjeet Goswami Vs State of Jharkhand & Ors (2014) 1 SCC 588
Date of judgement: 18.9.2013

J.J.Act 2000--Sections 7A, 49, & 2(l)

Reliance on school records vis-a -vis opinion of Medical Board--Acceptance of medical report arises only if the school records discarded by stating cogent reasons.
Ref Judgement: Ashwani Kr Saxena Vs State of M.P. (2012) 9 SCC 750

4. Amit Singh Vs State of Maharashtra (2011) 13 SCC 744
Date of judgement: 8.8.2011
Present: Justice P. Sathasivam, & Dr B.S. Chouhan.

JJ Act 2000- Sections 2(1), 7A, 20, 64 (As amended) -- Retrospective effect--Juvenile under 2000Act- Accused who was more than 16 years but less than 18 years at the time of occurrence , but who had completed 18 years prior to 01.04.2001 i,e, date of coming into effect of 2000Act--such accused is entitled to benefit of 2000Act.

5. Sampurna Behra Vs Union of India (2011) 9 SCC 801
Date of judgement: 12.10.2011.
Present: Justice R.V. Raveendran & A.K. Patnaik

JJ Act 2000- Sections 4, 29, 63.
Implementation of constitution of JJB, CWC, SJPU-- Compliance with orders-- State Legal Services Authorities were to coordinate with respective Child Welfare Department to ensure that JJB & CWC are established and are functional with required facilities---Home Departments and DGPs of State , Union Terriorities are ensure creation of SJPU in every district and city, and compliance with Sec 63(3).

6. Om Prakash Vs State of Rajasthan & Ors (2012) 5 SCC 201
Date of judgement: 13.4.2012.
Present: Justice G.S. Singhvi & Gyan Sudha Mishra.

JJ Act 2000, Sec 49- Plea of juvenility.
When an accused commits a grave and heinous offence and thereafter attempts to take statutory shelter under the guise of being minor , a casual or cavalier approach while recording as to whether an accused is a juvenile or not cannot be permitted as the courts are enjoined upon to perfrom their

duties with object of protecting the confidence of common man in the institution entrusted with the administration of justice --Hence, while the courts must be sensitive in dealing with the juvenile who is involved in cases of serious nature like sexual molestation, rape, gang rape, murder and host of other offences , the accused cannot be allowed to abuse the statutory protection by attempting to prove himself as a minor when the documentary evidence to prove his minority gives rise to a reasonable doubt about his assertion of minority.

Method and manner of commission of offence indicated evil and mature skill of accused --Hence, in absence of reliable documentary evidence in support of age of accused , medical evidence which indicated that accused was major would be given primacy and he was not entitled to protection of JJ Act.

7.Bachpan Bachao Andolan Vs Union of India & Ors
Writ Civil Petn 75 of 2012 ;
Date of Judgement: 10.5.2013
Present: The Chief Justice Altamas Kabir ; Vikramlit Sen & S.A.Bobde.

In case of a missing child is not recorded within 4 months from the date of filing of the FIR , the matter may be forwarded to the Anti Human Trafficking Unit (AHTU) in each State in order to enable the said unit to take up more intensive investigation regarding the missing child. The AHTU shall file periodical status reports after every 3 months to keep the Legal Services Authorities updated.

It may also be noted that in case where FIR have not been lodged at all the child is still missing, an FIR should be lodged within a month from the date of communication of this order and further investigation may proceed on that basis.

Once a child is recovered the police authorities shall carry out further investigation to see whether there is an involvement of any trafficking in the procedure , by which the child went missing and if in the investigation,such links are found, the police shall take appropriate action thereupon.

The State authorities shall arrange for adequate Shelter Homes to be provided for missing children, who are recovered and do not have any place to go to. Such Shelter Home, After care Home will have to be set up by the State Govt concerned and funds to run the same will also have to be provided by the State Govt together with proper infrastructure . Such Homes should be put in place within 3 months at the latest.

Any private Home, being run for the purpose of sheltering children , shall not be entitled to receive a child, unless forwarded by the CWC and unless they comply with all the provisions of the JJ Act , including registration.

8. Jitendra Singh Vs State of U.P. (2013) (9) SCALE 18
Date of judgement 10th July, 2013.
Present: Justice T.S. Thakur; Madan B Lokur

Whenever an accused who physically appears to be a juvenile , is produced before a Magistrate, he/she should form a prima facie opinion on the juvenility of the accused and record it. If any doubt persists, the Magistrate should conduct an age inquiry as required by Sec 7A of the JJAct,2000 to determine the juvenility or otherwise of the accused. In this regard, it is better to err on the side of caution in the first instance rather than have the entire proceedings reopened or vitiated at a subsequent stage or a guilty person go unpunished only because he/she is found to be a juvenile on the date of occurrence of the incident.

9. Salil Bali Vs Union of India (2013) 7 SCC 205
Date of judgement: 17.7.2013
Present: The Chief Justice Altamas Kabir, S.S. Nijjar, J. Chelameswar

Paragraph 48: The essence of the JJ Act 2000 & Rules 2007 is restorative and not retributive , providing the rehabilitation and reintegration of children in conflict with law into mainstream society. The age of 18 has been fixed on account of the understanding of experts of child psychology and behavioural patterns that till such age the children in conflict with law could still be redeemed and restored to main stream society, instead of becoming hardened criminals in future. There are , of course, exceptions where a child in the age group of 16 to 18 may have developed criminal propensities , which would make it virtually impossible for him /her to be reintegrated into mainstream society, but such examples are not of such proportions as to warrant any change of thinking, since it is probably better to try and reintegrate the children with criminal propensities into mainstream society rather than to allow them to develop into hardened criminals which does not augur well for the future.

10. Dr Subramanian Swamy & Ors Vs Raju
Criminal Appeal No 695 of 2014 dt 28th March, 2014.
Present: Chief Justice P. Sathasivam, Ranjon Gogoi, Shiva Kirti Singh.

Paragraph 45:
The provisions of the JJ Act, 2000 clearly indicate the legislative intent in the light of the country's international commitments and the same is in conformity with the constitutional requirements, it is not necessary for the Court to understand the legislation in any other manner. Infact, if the Act is

plainly read and understood, which we must do , the resultant effect thereof is wholly consistent with Article 14 . The Act, therefore, need not be read down , as suggested , to save it from the vice of unconstitutionality for such unconstitutionality does not exist.

11. Abuzar Hossain Vs State of W.B. (2012) 10 SCC 514
    Date of judgement: 10.11.2012.
    Present: Justice H.S. Bedi & J.M. Panchal

Plea of juvenility raised before High Court, but not pressed at any stage from trial court to High Court --Raising of , before Supreme Court--If permissible--Noticing divergent views taken by coordinate Benches in Gopinath Ghosh 1984 Supp SCC228 and Hari Ram (2009)13 SCC 211, on the one hand and in Akbar Sheikh (2009) 7 SCC 415 on the other, matter referrwed to larger Bench -- Constitution of India, Art 141.

12. Pratap Singh Vs State of Jharkhand & Ors AIR 2005 SC 2737
    (2005) 3 SCC 511
    Date of judgement : 2.2.2005.
    Present: Justice N.Santosh Hegde, S.N. Variava, B.P.Singh; H.K. Some; S.B. Sinha.

Juvenile offender--Determination of age--Reckoning date is date of offence not the date when he is produced in Court.
Overruled the decision in Arnit das Vs State of Bihar 2000AIR 2264.

13. Arnit Das Vs State of Bihar AIR 2000SC 2264; (2000) 5 SCC 488
    Date of judgement: 9.5.2000
    Present: Justice K.T. Thomas & R.C. Lahoti.

Sec 32 of J.J.Act,1986--Question whether a person is juvenile ---Determination of--Crucial date is the date when he is brought before the Competent authority and not date of commission of offence.
OVERRULED.

14. Hari Ram Vs State of Rajasthan (2009) 13 SCC 211
    Date of judgment; 5.5.2009.
    Present: Justice Altamas Kabir & Cyriac Joseph.

The law as now crystalized on a conjoint reading of Sections 2(k), 2(l),7A, 20 & 49 of the Act read with Rules 12 & 98 , places beyonf all doubt that all persons who below the age of 18 years on the date of commission of the offence even prior to 1st April, 2001 would be treated as juveniles, even if

the claim of juvenility was raised after they had attained the age of 18 years on or before the date of commencement of the Act and were undergoing sentence upon being convicted.

15. Bhola Bhagat Vs State of Bihar (1997) 8 SCC 720
Date of judgement: 24. 10.1997
Present: Justice Dr A.S. Anand & K. Venkataswami.

Benefit of Children Act should not be refused on technical ground.

16. Gopi Nath Ghosh Vs State of W.B. AIR 1984 SC 237
Date of judgment : 11.11.1983.
Present: Justice D.A. Desai & Amrendra N Sen

W.B. Children Act ( 30 of 1959) -Sec 28,24, 25--Minor tried alongwith others for committing murder and convicted ---Plea that he is minor raised for first time before Supreme Court --Entertained for extending benevolent provisions of the Act to minor.

17. Shah Nawaz Vs State of U.P. (2011) 13 SCC 751
Date of judgement: 5.8.2011
Present: Justice P. Sathasivam & Dr B.S. Chouhan

Rule 12- Juvenility-- Procedure to be followed in determination of age-reliability of mark sheet /school leaving certificate for determination of age of the accused--Held entry relating to date of birth entered in marksheet as well as school leaving certificate are valid proof for determination of age of accused person--Rule 12 categorically envisages that medical opinion from medical board should be sought only when matriculation certificate or school certificate or any birth certificate issued by a corporation or by any panchayet or municipality is not available--moreover both marksheet and school leraving certificate corroborated each other , and testimony of School Principal and clerk and the mother of accused further corroborated the same--Appellant declared a juvenile on the date of occurrence.

# কৈশোর অপরাধী বিচার (শিশুদের যত্ন ও সুরক্ষা) আইন, ২০০০ সম্পর্কিত শীর্ষ আদালতের কয়েকটি গুরুত্বপূর্ণ রায়

ডঃ শ্যামল গুপ্ত, বিচারক

কিশোর অপরাধী বিচার (শিশুদের যত্ন ও সুরক্ষা) আইন, ২০১৪ বিল ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। বিলটি আইনে রূপান্তরের আগে এক ঝলক দেখা নেওয়া উচিত, উক্ত ২০০০ আইনটি সম্পর্কে শীর্ষ আদালত বিভিন্ন সময়ে কি কি গুরুত্বপূর্ণ রায় দিয়েছেন। সংক্ষেপে তা এখানে তুলে ধরা হল।

১) ডাঃ সুব্র্যক্ষণ স্বামী এবং অন্যান্যরা -বনাম- রাজু মামলায় (ক্রিমিন্যাল আপীল নং ৬৯৫ অফ ২০১৪) মহামান্য সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি শ্রী পি সথাশিবম, শ্রী রঞ্জন গগৈ এবং শ্রী শিবকীর্তি সিং গত ২৮ মার্চ, ২০১৪ বলেন যে -

উক্ত ২০০০ আইনটি পরিস্কারভাবে দেশের আইনসভার উদ্দেশ্য প্রকাশ করে এবং আন্তর্জাতিক স্তরে যে সমস্ত প্রতিজ্ঞা / চুক্তি আছে তার সাথে সঙ্গতি রেখে সাংবিধানিক প্রয়োজনীয়তাকে স্বীকার করে। যদি আমরা সাধারণভাবে পড়ি এবং বুঝতে চেষ্টা করি তাহলে দেখবো তা সংবিধানের ১৪ অনুচ্ছেদকে মান্যতা দিয়েছে, তাই আইনটি অসাংবিধানিক এই দোষে দুষ্ট বলে তাকে বাদ দেওয়া হোক এটা ঠিক নয়, কেননা আইনটির মধ্যে অসাংবিধানিক কিছু নেই।

২) রনজিৎ গোস্বামী বনাম ঝাড়খন্ড সরকার এবং অন্যান্যরা মামলায় [(2014) 1SCC 588] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় গত ১৮ সেপ্টেম্বর ২০১৩ বলেন যে, ঐ আইনের ৭(ক), ৪৯ এবং ২(এল) অনুযায়ী বয়স নির্ধারণের ব্যাপারে যদি স্কুলের নথি এবং মেডিকেল বোর্ডের মন্তব্য আসে, সেক্ষেত্রে স্কুলের নথিটিকে আগে প্রাধান্য দিতে হবে। কিন্তু যদি কোন যুক্তিপূর্ণ কারণ দেখিয়ে স্কুলের নথি। সার্টিফিকেট অগ্রাহ্য হয় তবে ডাক্তারী প্রতিবেদনকে গুরুত্ব দিতে হয়। সর্বোচ্চ আদালত এ সম্পর্কে তার পূর্বে রায় যা অশ্বিনী সাকসেনা বনাম মধ্যপ্রদেশ সরকার [(2012) 7SCC 750] মামলায় উল্লেখ আছে তা বলেন।

৩) সলিল বালি বনাম ভারত সরকার মামলায় [(2013) 7SCC 205] মহামান্য সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি শ্রী আলতামাস কবীর, শ্রী এস এস নির্ঝর এবং শ্রী জে চেলামেশ্বর গত ১৭ জুলাই ২০১৩ নিম্নোক্ত অভিমত দেন।

উক্ত ২০০০ আইন এবং ২০০৭-এ নিয়মাবলীটি কখনোই প্রতিহিংসামূলক নয় বরং পুনরায় সুস্থিতিমূলক। যাতে অপরাধের সাথে যুক্ত শিল্পদের পুর্নবাসন এবং পুনঃ একীকরণ করা যায় এবং সমাজের মূল স্রোতে ফেরানো যায়। শিশু মনস্তত্তঃবিদ এবং শিশুদের ব্যবহার সম্পর্কে যারা বিশেষজ্ঞ তাদের সাথে আলোচনা করেই ১৮ বছরটি ধরা হয়েছে, যাতে ঐ সময়ের মধ্যে শিশু অপরাধে যুক্ত হয়ে পড়লে তাদেরকে রক্ষা করা এবং পুনরায় সমাজের মূল স্রোতে ফিরিয়ে এনে সুস্থিতি দেওয়া যায় এবং যাতে তারা ভবিষ্যতে পাকাপোক্ত অপরাধী না হয়ে ওঠে। অবশ্যই কিছু ব্যতিক্রম আছে, যেখানে ১৬-১৮ বছরের শিশুদের মধ্যে অপরাধ করার প্রবণতা আছে, যার ফলে তাদেরকে বাস্তবে সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনা যাবে না। কিন্তু সেই সংখ্যাটি তুলনামূলকভাবে এত বেশী নয় যে তার জন্য চিন্তার পরিবর্তন দরকার। যে সমস্ত শিশুদের মধ্যে অপরাধ প্রবণতা আছে তাদেরকে ভাল করার চেষ্টা পুনঃএকীকরণ করার চেষ্টা করাটাই বাঞ্ছনীয়, যাতে তারা মূল স্রোতে ফিরে আসে। তাদের যদি দাগী অপরাধীর সাথে মিশিতে দেওয়া হয়। তাহলে কখনোই ভবিষ্যতে ভাল ফল হবে না।

৪) জিতেন্দ্র সিং বনাম উত্তর প্রদেশ সরকার মামলায় [(2013) (9) SCALE 18] মহামান্য সুপ্রীমকোর্টের বিচারপতিদ্বয় শ্রী টি এস ঠাকুর এবং শ্রী মদন বি লকুর গত ১০ জুলাই ২০১৩ নিম্নোক্ত মন্তব্য করেন।

যদি কোন আসামীকে ম্যাজিস্ট্রেটের কাছে আনা হলে, তাকে কিশোর অপরাধী বলে আপতঃ মনে হয় তাহলে তিনি ঐ মর্মে প্রাথমিকভাবে তা লিপিবদ্ধ করবেন। যদি এ ব্যাপারে কোন সন্দেহ হয় তাহলে ম্যাজিস্ট্রেট ঐ আইনের ৭(ক) ধারা অনুযায়ী খোঁজ করবেন এবং তা প্রতিপন্ন করবেন তিনি সাধারণ অপরাধী না কিশোর অপরাধী। প্রথম থেকেই এই সাবধানতা অবলম্বন করলে পরবর্তী ক্ষেত্রে সেই বিষয়টিকে পুনরায় উদঘাটন করার প্রয়োজন হবেনা।

৫) বচপন বাঁচাও আন্দোলন -বনাম- ভারত সরকার এবং অন্যান্যরা মামলায় (রিট সিভিল পিটিশন ৭৫ অফ ২০১২) মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিত্রয় সর্বশ্রী আলতামাস কবীর, শ্রী বিক্রমজিৎ সেন এবং এস এ ববদি গত ১০ মে, ২০১৩ নিম্নোক্ত অভিমত দেন।

যদি কোন শিশু হারিয়ে যায় এবং চার মাসের মধ্যে তা নথীভুক্ত না হলে তবে বিষয়টি অ্যান্টি হিউমান ট্রাফিকিং ইউনিটে (AHTU) যা প্রতিটি রাজ্যে থাকবে সেখানে জানাতে হবে। যাতে ঐ ইউনিটটি হারানো শিশুটির ব্যাপারে গভীরভাবে তদন্ত করতে পারে। ঐ ইউনিটটি প্রতি তিন মাস অন্তর ঐ বিষয়ে প্রতিবেদন জমা দেবে আইনি পরিষেবা কর্তৃপক্ষের কাছে। যদি ইতিমধ্যে কোন হারানো শিশুর F.I.R. করা না হয়ে থাকে, তবে এই আদেশ প্রাপ্তির এক মাসের মধ্যে তা করতে হবে এবং পরবর্তী পদক্ষেপ নিতে হবে। যদি পুলিশ কর্তৃপক্ষ শিশুটিকে ফিরে পায় এবং তদন্তে এটা জানা যায় যে, ঐ হারিয়ে যাওয়ার পেছনে পাচারকারী সংস্থার হাত ছিল, তাহলে পুলিশ সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। হারিয়ে যাওয়া শিশুটিকে আশ্রয় হোমে রাখার জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। এ ব্যাপারে কোন শিশুকে ব্যক্তিগত হোমে রাখা যাবে না, যতক্ষণ না তা শিশু কল্যাণ কমিটি দ্বারা পাঠানো হয়।

৬) জারলেন সিং -বনাম- হরিয়ানা সরকার মামলায় [(2013) 7SCC 263] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী পি সথাশিবম এবং শ্রী জগদীশ সিং খেরার গত ১ জুলাই ২০১৩ নিম্নোক্ত মন্তব্য করেন।

কোন আক্রান্ত শিশু বা ধর্ষিতা শিশু বয়স নির্ধারণের ক্ষেত্রে উক্ত আইনের ২০০৭ রুলের ১২ রুলটি প্রযোজ্য হবে কেননা কিশোর অপরাধীর বয়স নির্ধারণের ক্ষেত্রে ঐ আইনটি / রুলটি প্রযোজ্য হয়। তাই কোন আক্রান্ত /নিগৃহীতা শিশুর বয়স নির্ধারণের জন্য তা প্রযোজ্য হবে।

৭) ভারত ভূষণ -বনাম- হিমাচলপ্রদেশ সরকার মামলায় [(2013) (2) Crimes 318(SC)] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী টি এস ঠাকুর এবং শ্রী দীপক মিশ্র গত ২৬ এপ্রিল ২০১৩ নিম্নোক্ত মন্তব্য করেন।

কিশোর অপরাধীর অপরাধটি নির্ণয়ের জন্য যবে ঘটনাটা ঘটেছে সেটাকে গ্রহণ করতে হবে, কবে বিষয়টি ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রগ্রাহ্য হয়েছে তা না। এ বিষয়ে উক্ত আইনের ২(ক); ২(এল); ৭(ক); ২০ ধারা এবং ১২ এবং ৯৮ রুলস্-এ বলা হয়েছে।

পূর্বের ১৯৮৬ আইনে কোন মামলা হাইকোর্টে বিচারের জন্য পড়ে থাকলে তা ২০০০ আইনের ২০ ধারা অনুযায়ী কার্যকর হবে। হাইকোর্ট কাউকে দোষী সাব্যস্ত করতে পারে কিন্তু পরবর্তী পদক্ষেপের জন্য বিষয়টিকে JJB তে পাঠাতে হবে।

৮) আবুজার হোসেন -বনাম- পশ্চিমবঙ্গ সরকার মামলায় [(2012) 10 SCC 514] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী এইচ এস বেদি এবং শ্রী জে এম পানচাল গত ১০ নভেম্বর ২০১২ নিম্নোক্ত অভিমত পোষণ করেন।

আসামী যে কিশোর অপরাধী বিষয়টি নিম্ন আদালত থেকে হাইকোর্ট পর্যন্ত কোথাও উত্থাপন করা হয়নি। যা প্রথম সর্বোচ্চ আদালত সুপ্রীম কোর্টে তোলা হয়েছে এটা কি গ্রহণযোগ্য হবে? এব্যাপারে শীর্ষ আদালতের দুটি ভিন্নমত থাকায় বিষয়টি বিচারের জন্য সংবিধানের ১৪১ অনুচেছদ অনুযায়ী বৃহত্তর বেঞ্চের কাছে পাঠানো হল।

৯) ওম প্রকাশ -বনাম- রাজস্থান সরকার এবং অন্যান্যরা মামলায় [(2012) 5 SCC 201] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী জি এস সিংভী এবং শ্রীমতী জ্ঞানসুধা মিশ্র গত ১৩ এপ্রিল ২০১২ নিম্নোক্ত অভিমত দেন।

যদি কোন মারাত্মক অপরাধে অভিযুক্ত আসামী পরবর্তীকালে কিশোর অপরাধীর আওতায় আসতে যায় তাহলে বিষয়টিকে সাধারণ ও গতানু -গতিকভাবে আদালতের দেখা উচিত নয়। এ ব্যাপারে আদালতের যথেষ্ট সজাগ থাকা প্রয়োজন। যখন আসামী যৌন নির্যাতন, ধর্ষণ, গণধর্ষণ, হত্যা বা মারাত্মক অপরাধের সাথে যুক্ত থাকে, এক্ষেত্রে আসামী যদি যে কাগজপত্তর দেখায় তার নাবালকত্বের সপক্ষে, তাতে কোন সন্দেহ থাকলে তা বর্জন করতে হবে। যদি আসামী কোন সমর্থনযোগ্য প্রমাণ পত্র দেখাতে না পারে এবং ডাক্তারী প্রমাণপত্র যদি তার সাবালকত্ব প্রকাশ করে, তাহলে সে উক্ত আইনের কোন সুবিধা পাবে না।

১০) সম্পূর্ণ বেহারা -বনাম- ভারত সরকার মামলায় [(2011) 9 SCC 801] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী আর ভি রবীন্দ্রণ এবং শ্রী এ কে পট্টনায়েক গত ১২ অক্টোবর ২০১১ নিম্নোক্ত মন্তব্য করেন।

উক্ত আইনের ৪, ২৯, ৬৩ ধারা অনুযায়ী জুভেনাইল জাস্টিস্ বোর্ড চাইল্ড ওয়েলফেয়ার কমিটি, স্পেশাল জুভেনাইল পুলিশ ইউনিট তৈরী করতে হবে। রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষ এ ব্যাপারে প্রয়োজনীয় সংযোগ সাধন করবে শিশু কল্যাণ দপ্তরের সাথে যাতে সমস্ত স্থানে JJB/CWC ঠিকমতন কার্যকরী হয়। প্রত্যেক রাজ্যের গৃহমন্ত্রক পুলিশের মহা অধীক্ষককে নির্দেশ দেওয়া হল যাতে প্রতিটি জেলার SJPU খোলা হয়।

১১) অমিত সিং -বনাম- মহারাষ্ট্র সরকার মামলায় [(2011) 13 SCC 744] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী পি সথাশিবম্ এবং ডঃ বি এস চৌহান গত ৮ আগস্ট ২০১১ নিম্নোক্ত মন্তব্য করেন।

উক্ত সংশোধিত আইনের ২(১), ৭(ক), ২০, ৬৪ ধারা অনুযায়ী উক্ত আইনটির প্রয়োগ আছে। যদি কোন আসামীর বয়স ঘটনার সময় ১৬-১৮'র মধ্যে হয় এবং যিনি ১.৪.২০০১ এর মধ্যে ১৮ বছর টপকে গেছেন, তিনিও ২০০০ আইনের প্রয়োজনীয় সুবিধা পাবেন।

১২) শাও নওয়াজ -বনাম- উত্তরপ্রদেশ সরকার মামলায় [(2011) 13 SCC 751] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী পি সথাশিবম এবং ডঃ বি এস চৌহান গত ৫ আগস্ট ২০১১ নিম্নোক্ত মন্তব্য করেন।

কোন আসামী কিশোর অপরাধী কিনা তা বিচার করার জন্য উক্ত আইনের ১২ নিয়ম অনুযায়ী আসামীর বয়স নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে স্কুল লিভিং সার্টিফিকেট উল্লিখিত বয়স, বা মার্কশীটে লেখা বয়সকে যোগ্য প্রমাণপত্র হিসাবে গ্রহণ করা যায়। যদি উপরোক্ত কোন সার্টিফিকেট না পাওয়া যায় বা কর্পোরেশন, পঞ্চায়েত, মিউনিসি -প্যালিটির দেওয়া কোন জন্ম প্রমাণপত্তর না পাওয়া যায় তবেই ডাক্তারী মতামত গ্রহণ করা যেতে পারে।

১৩) হরিনাম -বনাম- রাজস্থান সরকার মামলায় [(2009) 13 SCC 211] মহামান্য সুপ্রীম কোর্টের বিচারপতিদ্বয় শ্রী আলতামাস কবীর এবং শ্রী কুরিয়ান যোযেফ গত ৫ মে ২০০৯ নিম্নোক্ত মন্তব্য করেন।

উক্ত আইনের ২(ক), ২(এল), ৭(ক), ২০, ৪৯ ধারা এবং ১২ এবং ৯৮ নিয়মানুযায়ী এটা সুনিশ্চিতভাবে বলা যায় যে যাদের বয়স ১৮ বছর অতিক্রান্ত হয়নি ১/৪/২০০১ তারিখে তাদের কিশোর অপরাধী বলে গণ্য হবে, যদিও সেই বিষয়টি তাদের ১৮ বছর অতিক্রান্ত হয়ে যাবার পরে উঠে থাকে বা এমনকি তার দোষী সাব্যস্ত হয়ে সাজা খাটার সময় বিষয়টি ওঠে।

১৪) প্রতাপ সিং -বনাম- ঝাড়খন্ড সরকার এবং অন্যান্যরা মামলায় [AIR 2005 SC 2737] সুপ্রীম কোর্টের পাঁচজন বিচারপতি যথাক্রমে শ্রী এন সন্তোষ হেগড়ে, শ্রী এস এন বারিয়াভা, শ্রী বি পি সিং, শ্রী এইচ কে সোম এবং শ্রী এস বি সিনহা গত ২ ফেব্রুয়ারী ২০০৫ নিম্নোক্ত অভিমত প্রকাশ করেন।

কোন আসামী কিশোর অপরাধী কিনা তার বয়স নির্ধারণের ক্ষেত্রে যেদিন অপরাধটি করেছে সেই দিনটা গণ্য করতে হবে, তাকে কবে আদালতে আনা হয়েছে সেটা গণ্য হবে না।

---